দৈনিক সংবাদ

7

তারিখ ..2 9..NOV..1998 ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৮

# শিক্ষককে সাজা দিয়েছে ছাত্ররা

(নিজস্ব বার্তা পরিবেশক)

খুলনা, ২৮শে নভেম্বর।– নকল করতে বাধা দেয়ায় খুলনার দৌলতপুর সরকারি ব্রজলাল বিশ্ববিদ্যালয় কলেজের গণিত বিভাগের অধ্যাপক ডঃ ইয়াকুব আলীর মোটর সাইকেল পুড়িয়ে দেয়া হয়েছে।

জানা গেছে, গত বৃহস্পতিবার মাস্টার্স পরীক্ষার সময় নকল করার অভিযোগে শংকর ও রিয়াজ উদ্দিন নামের দুই ছাত্রকে ওই শিক্ষক বহিষ্কার করেন। এর জের হিসেবে আজ সকালে ওই দুই বহিষ্কৃত ছাত্রসহ কয়েকজন উচ্ছৃংখল ছাত্র ডঃ ইয়াকুব আলীর উপর হামলা চালিয়ে তাকে লাঞ্ছিত ও তার মোটর সাইকেল পুড়িয়ে দেয়। এক পর্যায়ে তারা পুলিশ ফাঁড়ির উপরও হামলা চালায়। এসময় পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য দুই রাউন্ড টিয়ার গ্যাস নিক্ষেপ করে।